Department of Education
Carmen Fariña, Chancellor

শিক্ষাগত প্রভাব সংক্রান্ত বিবৃতি
একটি K-6 বিদ্যালয় থেকে K-5 বিদ্যালয়ে পরিণত হওয়ার জন্য P.S. 152 Gwendoline N. Alleyne School (30Q152)-এর প্রস্তাবিত শ্রেণি সংকোচন 2015-2016 শিক্ষা বর্ষে শুরু হবে
প্রকাশকাল: 8ই অক্টোবর, 2014

শিক্ষাগত প্রভাব সংক্রান্ত বিবৃতি: একটি K-6 বিদ্যালয় থেকে K-5 বিদ্যালয়ে পরিণত হওয়ার জন্য P.S. 152 Gwendoline N. Alleyne School (30Q152)-এর প্রস্তাবিত শ্রেণি সংকোচন 2015-2016 শিক্ষা বর্ষে শুরু হবে

I. প্রস্তাবের সারাংশ

P.S. 152 Gwendoline N. Alleyne School (30Q152, "P.S. 152") হল একটি বিদ্যমান প্রাথমিক বিদ্যালয় যেটি শিক্ষার্থীদের শিশুবিদ্যালয় থেকে শুরু করে ষষ্ঠ শ্রেণি পর্যন্ত পরিষেবা প্রদান করে এবং একটি অর্ধদিবসে দুটি বিভাগে একটি প্রাকশিশুবিদ্যালয় কার্যক্রম প্রদান করে। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন(শিক্ষা দপ্তর) ("DOE") প্রস্তাব দিচ্ছে যে P.S. 152 শুধুমাত্র শিশুবিদ্যালয় থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত পরিষেবা প্রদান করবে এবং একটি প্রাকশিশুবিদ্যালয় কার্যক্রম প্রদান করবে, যার অর্থ হল বিদ্যালয়টি 2014-2015 শিক্ষাবর্ষের পরে আর ষষ্ঠ শ্রেণির পরিষেবা প্রদান করবে না। DOE মনে করে যে সকল শিক্ষার্থী যদি পঞ্চম শ্রেণি সম্পূর্ণ করার পরে মাধ্যমিক বিদ্যালয়ে চলে যায় P.S. 152 পরিবারগুলি তখনই লাভবান হবে। মাধ্যমিক বিদ্যালয়গুলিতে সাধারণত অত্যন্ত বৈচিত্রমূলক এবং সমৃদ্ধশালী নির্দেশনামূলক পরিষেবা থাকে, বিশেষত বিজ্ঞান এবং ভাষা বিভাগে, তার সাথে সাথে পাঠ্যক্রম বহির্ভূত ক্রিয়াকলাপও থাকে। এই কার্যক্রমগুলিকে সহায়তা করার জন্য মাধ্যমিক বিদ্যালয়ের ভবনগুলিতে উপলব্ধ স্থান এবং সুবিধাগুলি সাধারণত উন্নত মানের হয়। সপ্তম শ্রেণির পরিবর্তে ষষ্ঠ শ্রেণিতে মাধ্যমিক বিদ্যালয়ে প্রবেশ করলে, P.S. 152-এর শিক্ষার্থীরা এই সমৃদ্ধি, উচ্চ-বিদ্যালয়ের প্রস্তুতিমূলক কার্যকলাপের অভিজ্ঞতা এক বছর আগে থাকতে লাভ করবে।

DOE P.S.152-এর ষষ্ঠ শ্রেণি সংকোচন করার প্রস্তাব দিচ্ছে। P.S. 152 হল একটি অঞ্চলভিত্তিক প্রাথমিক বিদ্যালয় যেটি বর্তমানে সমুদায় বিদ্যালয় জিলা 30 ("জিলা 30")-এর অন্তর্গত 33-52 62তম স্ট্রিট, কুইন্স, NY 11377তে অবস্থিত Q152 ভবনে শিক্ষার্থীদের শিশুবিদ্যালয় থেকে শুরু করে ষষ্ঠ শ্রেণি পর্যন্ত পরিষেবা প্রদান করে। এই প্রস্তাব যদি অনুমোদিত হয়, তাহলে 2014-2015 শিক্ষা বর্ষ সমাপ্ত হওয়ার পরে P.S. 152 ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের নথিভুক্ত করবে না। 2015-2016 এবং তার পরে, P.S. শিশুবিদ্যালয় শুরু করে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করা চালিয়ে যাবে এবং একটি প্রাক-শিশুবিদ্যালয় কার্যক্রম প্রদান করা বজায় রাখবে। সেখানে বর্তমানে ষষ্ঠ শ্রেণিতে পাঠরত কিছু শিক্ষার্থী থাকতে পারে যারা পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ হওয়ার আবশ্যকতাগুলি পূরণ করতে পারেনি এবং তাদের অবশ্যই পুনরায় ষষ্ঠ শ্রেণিতেই পড়তে হবে, যা 2015-2016 শিক্ষা বর্ষে P.S. 152তে আর প্রদান করা হবে না। সেই শিক্ষার্থীরা তাদের আঞ্চলিক মাধ্যমিক বিদ্যালয়ে পুনরায় ষষ্ঠতে শ্রেণিতে পড়বে। ষষ্ঠ শ্রেণির যে শিক্ষার্থীরা প্রাথমিক শিক্ষার জন্য P.S. 152-এ যেত তারা মাধ্যমিক বিদ্যালয়গুলির একটিতে যাবে: মাধ্যমিক বিদ্যালয়ের জন্য I.S. 125 (24Q125, "I.S. 125"), I.S. 10 (30Q010, "I.S. 10") অথবা I.S. 230 (30Q230, "I.S. 230")।[1]

P.S. 152 হল একটি আঞ্চলিক বিদ্যালয় যা বর্তমানে শিশুবিদ্যালয় থেকে শুরু করে ষষ্ঠ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের নথিভুক্ত করে। একজন শিক্ষার্থীর আঞ্চলিক বিদ্যালয় তার বাড়ীর ঠিকানার ভিত্তিতে নির্ধারিত হয়। এই প্রস্তাবটি যদি অনুমোদিত হয় এবং P.S. 152 যদি ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের আর পরিষেবা প্রদান না করে, তাহলে P.S. 152 শিশুবিদ্যালয়ে থেকে শুরু করে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের ভর্তি নেওয়া জারি রাখবে। এই প্রস্তাবের বিভাগ III.A-তে মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তি প্রক্রিয়া সম্বন্ধীয় অতিরিক্ত তথ্য এবং P.S. P.S.152-এ ভর্তি সম্বন্ধীয় তথ্য দেওয়া আছে।

P.S.152-এর ষষ্ঠ শ্রেণি সংকোচন করার এই প্রস্তাবের সাথে সাথে, অঞ্চল পুনঃনির্ধারণ করার জন্য DOE ডিস্ট্রিক 30 কমিউনিটি এডুকেশন কাউন্সিল (জিলা 30 সমুদায় শিক্ষা পরিষদ)("CEC")-এর কাছে অঞ্চল পুনঃনির্ধারণ করার (রিজোনিং) একটি প্রস্তাব জমা করতে চায় যেটি 22শে সেপ্টেম্বর 2014 তারিখে উপস্থাপিত করা হয়েছিল এবং যার মধ্যে অন্তর্ভূক্ত হল 2015-2016 সালে শুরু হওয়া P.S. 152-এর অঞ্চলের পরিবর্তনগুলিও। অঞ্চল পুনঃনির্ধারণের প্রস্তাব P.S. 152-এর অঞ্চলের আয়তনকে হ্রাস করে, যার অর্থ হল বিদ্যালয় অল্প সংখ্যক শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করবে এবং সময়ের সাথে সাথে ভবন ব্যবহারের হার হ্রাস পাবে। জিলা 30 CEC 16ই অক্টোবর 2014 তারিখে এই প্রস্তাবে ভোটদান করবে বলে প্রত্যাশা করা হয় এবং এটি কার্যকর হওয়ার আগেই পুনঃনির্ধারণ প্রস্তাবটি অবশ্যই অনুমোদিত হতে হবে।

[1] মনে রাখবেন যে I.S. 10 এবং I.S. 230 জিলা 30-এ অবস্থিত অপরদিকে I.S. 125 সমুদায় বিদ্যালয় জিলা 24-এ অবস্থিত।

নিচে বিভাগ III-তে বর্ণনা করা অনুসারে, প্রস্তাবিত শ্রেণি সংকোচন সমগ্র জিলা 30 জুড়ে থাকা প্রাথমিক বিদ্যালয়গুলির সাথে বিদ্যালয়ের শ্রেণির ব্যাপ্তিকে শ্রেণিবদ্ধ করে। যদি এই প্রস্তাব অনুমোদিত হয়, তাহলে P.S. 152-এর শ্রেণির ব্যাপ্তির পরিবর্তন 2015-2016 সালে বিদ্যালয়ের নথিভুক্তিকরণের ক্ষেত্রে আনুমানিক 45-65 আসন কমিয়ে দেবে। এছাড়াও, উপরে উল্লেখিত অঞ্চল পুনঃনির্ধারণের প্রস্তাবের ফলস্বরূপ P.S. 152-এর বর্তমান শিশুবিদ্যালয়ের শ্রেণির তুলনায় ভবিষ্যতের আসন্ন শিশুবিদ্যালয়ের শ্রেণিগুলি ছোট হবে। অতএব, 2020-2021 সালে P.S. 152 কম সংখ্যার, স্থিতিশীল নথিভুক্তকরণ হবে। সেই সময়ে, বিদ্যালয়টি প্রাক-শিশুবিদ্যালয় থেকে শুরু করে শিশুবিদ্যালয় এবং পঞ্চম শ্রেণি পর্যন্ত আনুমানিক 1,092-1,152 জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে, এবং Q152 ভবনের ব্যবহারের হার হবে আনুমানিক 104% - 109% পর্যন্ত।

II. ভবনের প্রস্তাবিত বা সম্ভাব্য সদ্ব্যবহার

Q152 ভবনের 1,053 জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করার অভীষ্ট ধারণ ক্ষমতা আছে।[2] 2014-2015 সালে ভবনটি মোট 1,352 জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করতে পারবে বলে পূর্বানুমান করা হয়, যার ফলস্বরূপ ভবন ব্যবহারের হার হবে আনুমানিক 128%।[3] এই প্রস্তাব যদি অনুমোদিত হয়, তাহলে 2015-2016 সালে P.S. 152 Q152 ভবনে প্রাক-শিশুবিদ্যালয় থেকে শুরু করে শিশুবিদ্যালয় এবং পঞ্চম শ্রেণি পর্যন্ত আনুমানিক 1,267-1,327 জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করতে পারবে বলে পূর্বানুমান করা হয়, ফলস্বরূপ ভবন ব্যবহারের হার হবে আনুমানিক 120% - 126% পর্যন্ত। উপরে উল্লেখ করা অনুসারে, সংকোচন এবং অঞ্চল পুনঃনির্ধারণের ফলস্বরূপ 2020-2021 সালে P.S.152-এর নথিভুক্তিকরণ কম এবং স্থিতিশীল হলে, P.S. 152 1,092-1,152 জন শিক্ষার্থিকে পরিষেবা প্রদান করবে এবং Q152 ভবনটির ব্যবহারের হার 104% - 109% হবে। P.S.152 থেকে ষষ্ঠ শ্রেণি সংকুচিত করা হলে তা অতিরিক্ত স্থান মুক্ত করবে P.S.152 সেই স্থানকে নির্দেশনামূলক এবং কার্যক্রম সংক্রান্ত প্রয়োজনীয়তাগুলি পূরণ করার জন্য ব্যবহার করতে পারবে।

সাত বছর ধরে, P.S.152-এর জন্য প্রস্তাবিত শ্রেণি ব্যাপ্তি এবং নথিভুক্তির সাথে সাথে ভবনের সম্ভাব্য ব্যবহারের হার নিম্নরূপ:[4]

		শ্রেণি-ব্যাপ্তি						
ডিবিএন	বিদ্যালয়ের নাম	2014-2015	2015-2016	2016-2017	2017-2018	2018-2019	2019-2020	2020-2021
30Q152	P.S. 152 Gwendoline N. Alleyne School	K-6	K-5	K-5	K-5	K-5	K-5	K-5

ডিবিএন	বিদ্যালয়ের নাম	2014-2015-এর বাজেটের পূর্বানুমান	সম্ভাব্য নথিভুক্তিকরণ					
			2015-2016	2016-2017	2017-2018	2018-2019	2019-2020	2020-2021
30Q152[5]	P.S. 152 Gwendoline N. Alleyne School	1,352	1,267 - 1,327	1,242 - 1,302	1,212 - 1,272	1,152 - 1,212	1,112 - 1,172	1,092 - 1,152
ভবনের সামগ্রিক ভর্তির সংখ্যা		1,352	1,267 - 1,327	1,242 - 1,302	1,212 - 1,272	1,152 - 1,212	1,112 - 1,172	1,092 - 1,152
সদ্ব্যবহার[6]		128%	120% - 126%	118% - 124%	115% - 121%	109% - 115%	106% - 111%	104% - 109%

নথিভুক্তিকরণ, ক্ষমতা, ব্যবহারের প্রতিবেদন ("ব্লু বুক" আরও বেশি বিবরণ বর্ণনা করা রয়েছে, যা http://www.nycsca.org/Community/CapitalPlanManagementReportsData/Enrollment/2013-2014_Bookone_Target.pdf

[2] 2013-2014-এর নথিভুক্তি, ক্ষমতা, ব্যবহারের প্রতিবেদন ("ব্লু বুক"(নীল বই)) অনুসারে।

[3] এই নথিতে থাকা ভবনের ব্যবহার হার সম্বন্ধীয় সকল রেফারেন্সগুলির ভিত্তি হল 2013-2014-এর বাজেট রেজিস্টারের পূর্বানুমানগুলি থেকে পাওয়া নথিভুক্তির উপাত্ত এবং 2011-2012-এর ব্লু বুক থেকে পাওয়া অভীষ্ট ধারণ ক্ষমতা উপাত্তগুলি। এর কার্যপ্রণালী DOE-এর পরিকল্পনা নির্বাহ করা এবং সমস্ত বিদ্যালয়গুলির জন্য স্থান ও অর্থ বরাদ্দের হিসেব সংক্রান্ত কার্যপ্রণালীর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

[4] DOE প্রত্যাশা করে যে CEC-এর কাছে জিলা 30-এর জন্য একটি অঞ্চল পুনঃনির্ধারণের প্রস্তাব প্রদান করা হবে যা 2015-2016 শিক্ষা বর্ষের শুরুতে P.S. 152 অঞ্চলকে প্রভাবিত করবে। অঞ্চল পুনঃনির্ধারণ প্রস্তাবের বকেয়া অনুমোদন, 2015-2016 এবং তার পরবর্তী সময়ে P.S. 152 কম সংখ্যক শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে। 2015-2016 শিক্ষা বর্ষ এবং তার পরবর্তী সময়ের পূর্বানুমানের অন্তর্ভূক্ত হল অঞ্চল পুনঃনির্ধারণের ফলস্বরূপ প্রত্যাশিত কম সংখ্যার নথিভুক্তিকরণ এবং P.S. 152-এর কম ব্যবহার।

[5] P.S.152-তে মোট বর্তমান এবং সম্ভাব্য নথিভুক্তিকরণের মধ্যে অন্তর্ভূক্ত হল প্রাক-শিশুবিদ্যালয়ের দুটি অর্ধদিবস বিভাগ।

[6] এই নথিতে থাকা ভবনের ব্যবহার হার সম্বন্ধীয় সকল রেফারেন্সগুলির ভিত্তি হল 2013-2014-এর বাজেট রেজিস্টারের পূর্বানুমানগুলি এবং 2011-2012-এর ব্লু বুক থেকে পাওয়া অভীষ্ট ধারণ ক্ষমতা উপাত্তগুলি। এর কার্যপ্রণালী DOE-এর পরিকল্পনা নির্বাহ করা এবং সমস্ত বিদ্যালয়গুলির জন্য স্থান ও অর্থ বরাদ্দের হিসেব সংক্রান্ত কার্যপ্রণালীর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সহাবস্থানরত বিদ্যালয়গুলির জন্য স্থান বরাদ্দের সিদ্ধান্তের ক্ষেত্রে, স্থানসংকুলান পরিকল্পনা দপ্তরের তরফে একটি স্থানভিত্তিক বিশদ সমীক্ষা করা হবে এবং উক্ত ভবনে কতটা পরিমাণ স্থান পাওয়া যেতে পারে সে ব্যাপারে ভবনের স্থান সংক্রান্ত বিশ্লেষণ করা হবে।

তে উপলব্ধ, সকল বিদ্যালয় সংগঠনের নথিভুক্তিকরণের মোট সংখ্যাকে ঐ সংস্থাগুলির মোট "অভীষ্ট ধারণ ক্ষমতা" দিয়ে ভাগ করার মাধ্যমে ভবনের অভীষ্ট ব্যবহার হার নির্ণয় করা হয়। প্রতিটি বিদ্যালয় সংগঠনের "অভীষ্ট ধারণক্ষমতা" নির্ণয়ের ভিত্তি হচ্ছে বার্ষিক সুযোগ-সুবিধা সমীক্ষা চলাকালীন প্রতিটি কক্ষের নির্ধারিত ব্যবহার সংক্রান্ত বিদ্যালয় অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রতিবেদন, শ্রেণিকক্ষগুলির সর্বাধিক ধারণক্ষমতা সংক্রান্ত DOE-এর লক্ষ্যমাত্রা (যা সংযুক্ত শিক্ষক ফেডারেশন ("UFT")-এর চুক্তিভিত্তিক শ্রেণিকক্ষের আয়তনের তুলনায় কম এবং শ্রেণি অনুযায়ী ভিন্ন) এবং যে দক্ষতার সঙ্গে শ্রেণিকক্ষগুলি কার্যক্রমবদ্ধ (*অর্থাৎ, কোন নির্দিষ্ট শ্রেণিকক্ষের কত ঘন ঘন ক্লাস নির্দিষ্ট করা আছে) তার উপর। অভীষ্ট ধারণা ক্ষমতা অনুমান করে যে সেই অভীষ্ট ধারণ ক্ষমতার মধ্যে থাকা উপাদানগুলি (শ্রেণিকক্ষ, সর্বাধিক শ্রেণিকক্ষের ধারণ ক্ষমতার লক্ষ্য, ইত্যাদির নির্ধারিত ব্যবহার) অপরিবর্তিত থাকে।*

সর্বশেষ যে বছরটির জন্য ভবনের অভীষ্ট ধারণ ক্ষমতা নির্ণয় করা হয়েছে সেটি হল 2013-2014 সাল। উপরে উল্লেখিত অনুসারে, 2014-2015 শিক্ষা বর্ষ এবং তার পরবর্তী সময়ের DOE-এর সম্ভাব্য ব্যবহার হারের ভিত্তি হল 2013-2014 সালের অভীষ্ট ধারণ ক্ষমতা, যা অনুমান করে যে সেই অভীষ্ট ধারণ ক্ষমতার মধ্যে থাকা উপাদানগুলি (শ্রেণিকক্ষ, সর্বাধিক শ্রেণিকক্ষের ধারণ ক্ষমতার লক্ষ্য, ইত্যাদির নির্ধারিত ব্যবহার) অপরিবর্তিত থাকে। এইভাবে, 2014-2015 ও তত্পরবর্তী সময়ের জন্য সদ্ব্যবহারের পরিকল্পিত হার ভবনের ব্যবহার সংক্রান্ত একটি আনুমানিক হিসেব প্রদান করে মাত্র কারণ ছাত্র-ছাত্রীদের চাহিদা পূরণের জন্য বিদ্যালয়ের অধ্যক্ষগণ অভীষ্ট ধারণক্ষমতার মূলগত উপাদানগুলির প্রতিটিকে বছরে-বছরে ফের-বদল করতে পারেন। উদাহরণস্বরূপ, একটি কক্ষের ব্যবহারগত পরিবর্তনের জন্য একটি প্রশাসনিক কক্ষ থেকে উচ্চ বিদ্যালয়ের কক্ষে পরিবর্তন করলে তার সামগ্রিক লক্ষ্য ক্ষমতা বৃদ্ধি পাবে কারণ উচ্চ বিদ্যালয় জন্য, প্রশাসনিক কক্ষ ক্ষমতা অর্জনের জন্য নির্ধারিত হয় না। ভর্তির সংখ্যাকে ধ্রুবক হিসেবে বিবচনা করলে, এই পরিবর্তন সদ্ব্যবহারের হারকে হ্রাস করবে। অনুরূপভাবে, শিশুবিদ্যালয়ের শ্রেণিকক্ষ হিসেবে ব্যবহৃত কোন একটি কক্ষকে যদি পরবর্তীকালে পঞ্চম শ্রেণির শ্রেণিকক্ষ হিসেবে ব্যবহার করা হয়, তাহলে ভবনের অভীষ্ট ধারণক্ষমতা বৃদ্ধি পাবে কারণ, পঞ্চম শ্রেণিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা শিশুবিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যার থেকে অপেক্ষাকৃত বেশি হবে বলে আমরা আশা করতে পারি। এই সত্যটি প্রতিফলিত হয় যে DOE-এর লক্ষ্য হল কিন্ডারগার্টেন শ্রেণীকক্ষের চেয়ে পঞ্চম শ্রেণীর শ্রেণীকক্ষকে অধিক ক্ষমতাসম্পন্ন তৈরি করা। এই উদাহারণেও, ভর্তির সংখ্যাকে ধ্রুবক ধরে নিলে, সদ্ব্যবহারের হার কম হবে।

যদিও ভবন সদ্বব্যবহারের হার 100% হওয়ার অর্থ হতে পারে কোন একটি নির্দিষ্ট বছরে ভবনটি বেশি-সদ্ব্যবহৃত হওয়া বা অতিরিক্ত ভিড় হওয়া, কিন্তু এই ধরনের হার নির্ণয়ের ক্ষেত্রে এই বিষয়গুলিকে বিবেচনায় রাখা হয় না যে ভবনের কক্ষগুলিকে অনুমিত মাত্রার বাইরেও দক্ষতার সঙ্গে ও ভিন্ন মাত্রায় ব্যবহার করার জন্য কার্যক্রমবদ্ধ করা যেতে পারে, যেমটি উপরি আলোচিত হয়েছে।

III. প্রভাবিত ছাত্র-ছাত্রী, বিদ্যালয়গুলি এবং শিক্ষার্থীসমূদায়ের উপর এই প্রস্তাবের

A. শিক্ষার্থীগণ

P.S.152-এর বর্তমান এবং ভবিষ্যৎ শিক্ষার্থীদের উপর প্রভাব

এই প্রস্তাব যদি অনুমোদিত হয়, তাহলে 2015-2016 শিক্ষা বর্ষের শুরুতে P.S. 152 শুধুমাত্র শিশুবিদ্যালয় থেকে শুরু করে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করবে। P.S. 152 প্রাক-শিশুবিদ্যালয় কার্যক্রমের শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করা জারি রাখবে, যদিও সেটা অর্থ পাওয়া এবং চাহিদার উপর নির্ভরশীল।

P.S. 152-এর পঞ্চম শ্রেণির বর্তমান শিক্ষার্থীরা মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হওয়ার জন্য আবেদন করবে এবং যারা পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ হওয়ার আবশ্যকতাগুলি পূরণ করতে সক্ষম হবে তারা P.S. 152 থেকে স্নাতক হবে এবং 2015-2016 শিক্ষা বর্ষের জন্য অন্য বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণিতে প্রবেশ করবে। যদি P.S. 152-এর শিক্ষার্থী 2014-2015 শিক্ষা বর্ষের শেষে পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ হওয়ার মান পূরণ করতে অক্ষম হয়, তাহলে সেই শিক্ষার্থী P.S. 152-তেই থেকে যাবে। মাধ্যমিক বিদ্যালয়গুলি সাধারণত ষষ্ঠ শ্রেণির শুরুতেই শিক্ষার্থীদের নথিভুক্ত করে, এবং P.S. 152-এর শিক্ষার্থীদের ইতিমধ্যেই পঞ্চম শ্রেণির শিক্ষার্থী হিসাবে ভর্তি হওয়ার আবেদন করার বিকল্প আছে। তবে, P.S. 152-এর যে শিক্ষার্থীরা মাধ্যমিক স্কুলে ভর্তির আবেদন করার জন্য ষষ্ঠ শ্রেণি অবধি অপেক্ষা করে তাদের আবেদন করার জন্য শুধুমাত্র সেই সব বিদ্যালয়ের বিকল্প থাকে যেগুলিতে ষষ্ঠ শ্রেণির আসন পূর্ণ হয়নি এবং সপ্তম শ্রেণির আসন ফাঁকা আছে। ফলস্বরূপ, P.S. 152-এর যে শিক্ষার্থীরা আগে থেকেই মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হওয়া শুরু করেছে তাদের তুলনায় যে শিক্ষার্থীরা P.S.152তে ষষ্ঠ শ্রেণি পর্যন্ত থাকে তাদের মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হওয়ার সুযোগ কম থাকে। মাধ্যমিক বিদ্যালয়ে প্রবেশ করার প্রথম সুযোগ পদক্ষেপ অনুসারে পঞ্চম শ্রেণির শিক্ষার্থী হিসাবে মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তির আবেদন করলে, তা P.S. 152-এর শিক্ষার্থীদের শুধুমাত্র সপ্তম শ্রেণিতে উপলব্ধ আসনগুলির জন্য আবেদন করার সহপাঠীদের পরিবর্তে সেই সহপাঠীদের মতো সমান প্রবেশাধিকার প্রদান করে যারা উপলব্ধ পূর্ণ পরিসরের মাধ্যমিক বিদ্যালয়গুলি থেকে স্নাতক হচ্ছে। মাধ্যমিক বিদ্যালয়ে একটি একক প্রবেশ শ্রেণি তৈরি করা হলে তা বিদ্যালয়গুলিকে আরও বেশি শক্তিশালী বিদ্যালয় সমুদায় গড়ে তুলতে এবং প্রতিপালন করতে সাহায্য করে।

P.S.152-এর ষষ্ঠ শ্রেণির বর্তমান শিক্ষার্থীরা ডিসেম্বর মাসে মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হওয়ার আবেদন করবে (অতীতে তারা যেমন করেছিল), এবং যারা পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ হওয়ার আবশ্যকতা পূরণ করেছে তারা P.S. 152 থেকে স্নাতক হবে এবং সেই মাধ্যমিক বিদ্যালয়ে সপ্তম শ্রেণিতে ভর্তি হবে যেটিতে তারা 2015-2016 শিক্ষা বর্ষের জন্য মানানসই হবে। ষষ্ঠ শ্রেণির যে সকল শিক্ষার্থী মাধ্যমিক স্কুলে ভর্তি হওয়ার প্রক্রিয়ায় অংশগ্রহণ করছে না তারা তাদের আঞ্চলিক মাধ্যমিক স্কুলে ভর্তি হবে। ষষ্ঠ শ্রেণির বর্তমান শিক্ষার্থীদের মধ্যে কিছু এমন শিক্ষার্থীও থাকতে পারে যারা পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ হওয়ার আবশ্যকতা পূরণ করতে ব্যর্থ হয়েছে এবং তাদের অবশ্যই ষষ্ঠ শ্রেণিতে পুনরায় পড়তে হবে, যা 2019-2016 শিক্ষা বর্ষে P.S. 152 আর প্রদান করবে না। সেই শিক্ষার্থীরা তাদের আঞ্চলিক মাধ্যমিক বিদ্যালয়ে পুনরায় ষষ্ঠতে শ্রেণিতে পড়বে। ষষ্ঠ শ্রেণির যে শিক্ষার্থীরা P.S. 152তে যেত তারা সুমদায় বিদ্যালয় জিলা 24 ("জিলা 24")-এর I.S. 125 অথবা জিলা 30-এর I.S.10 বা I.S.10 বা I.S.230তে যাবে। নিচে মাধ্যমিক বিদ্যালয়ে আবেদন করার প্রক্রিয়া বর্ণনা করা হয়েছে।

এই প্রস্তাব P.S.152-এর বর্তমান নথিভুক্তিকরণ বা নির্দেশনামূলক কার্যক্রমকে প্রভাবিত করবে না বলে প্রত্যাশা করা হয়। P.S. 152 সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের এবং যে সকল শিক্ষার্থীর বিশেষ শিক্ষা পরিষেবা প্রয়োজন তাদের পরিষেবা প্রদান করে, এর মধ্যে সেই সকল শিক্ষার্থীরাও অন্তর্ভুক্ত যারা বর্তমানে ইন্টিগ্রেটেড কো-টিচিং ("ICT")-এ, এবং সেলফ-কনটেন্ড ("SC") বিশেষ শিক্ষা ক্লাসগুলিতে ভর্তি হয়েছে এবং যে শিক্ষার্থীরা স্পেশ্যাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস ("SETSS") গ্রহণ করছে। এই প্রস্তাব যদি অনুমোদিত হয় তাহলে P.S.152 এই ICT এবং SC ক্লাসগুলি এবং SETSS প্রদান করা জারি রাখবে। শারীরিক অক্ষমতাযুক্ত শিক্ষার্থীরা তাদের ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম ("IEP") অনুসারে পরিষেবাগুলি পেতে থাকবে। প্রতি বছর IEP পরিষেবাগুলির তারতম্য ঘটতে পারে কারণ বিদ্যালয়ে সম্প্রতি ভর্তি হওয়া শিক্ষার্থীদের ব্যক্তিগত প্রয়োজনগুলি পূরণ করার জন্য সেগুলিতে পরিবর্তন করা হয়। তার সাথে সাথে, ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারস (ELL) হিসাবে চিহ্নিত যে সকল শিক্ষার্থী P.S. 152তে ভর্তি হয়েছে তারা ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ (") পরিষেবাগুলি লাভ করবে। যদি এই প্রস্তাব অনুমোদিত হয় তাহলে P.S. 152তে ভর্তি হবেন এমন সমস্ত বর্তমান এবং ভবিষ্যৎ শিক্ষার্থীরা তাদের সকল বাধ্যতামূলক বিশেষ শিক্ষা এবং/অথবা ELL পরিষেবাগুলি পেতে থাকবেন।

বর্তমান শিক্ষার্থীরা যেহেতু পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ হওয়ার আবশ্যকতাগুলি পূরণ করার চেষ্টা করছে তাই তাদের সাহায্য করার জন্য P.S.152 সকল প্রয়োজনীয় ক্লাসগুলি প্রদান করা বজায় রাখবে। DOE অনুমান করে নি যে বিদ্যালয় শিশুবিদ্যালয় থেকে শুরু করে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের বিশেষ কার্যক্রমগুলি এবং উদ্যোগগুলি অথবা সমৃদ্ধিকরণ ক্লাসগুলি হ্রাস করবে। ঐ সিদ্ধান্তগুলি বিদ্যালয়ের প্রশাসকদের থাকবে এবং শিক্ষার্থীদের চাহিদা এবং তার সাথে সাথে বিদ্যালয়ের কর্মী এবং বাজেটের অবস্থার ভিত্তিতে হবে।

P.S. 152 বর্তমানে নিম্নলিখিত পাঠ্যক্রম বহির্ভূত কার্যকলাপগুলি এবং অংশীদারিত্বগুলি প্রদান করছে:[7]

পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রমগুলি: উডসাইড অন দা মুভ OST বিদ্যালয় পরবর্তী কার্যক্রম, পঠন/গণিত বিদ্যালয় পরবর্তী এবং শনিবারের কার্যক্রম, এবং বিদ্যালয় পরবর্তী এবং শনিবারের ESL।

অংশীদারিত্ব: কিউইয়ান্স ক্লাব, লার্নিং লিডার্স, উডসাইড অন দা মুভ, মার্কুইস স্টুডিওস, ডান্সিং ক্লাসরুমস, এবং সোলাস্টিক।

DOE অনুমান করেনি যে এই প্রস্তাব P.S. 152কে কোন বর্তমানে বিদ্যালয়ে প্রদান করা নির্দিষ্ট পাঠ্যক্রম বা পাঠ্যক্রম-বহির্ভূত কার্যক্রম অথবা অংশীদারিত্ব প্রদান করা বজায় রাখতে প্রতিহত করবে। P.S. 152 পাঠ্যক্রম-বহির্ভূত কার্যক্রম বিকল্পগুলি প্রদান করা বজায় রাখবে, কিন্তু সংকোচন এবং প্রস্তাবিত অঞ্চল পুনঃনির্ধারণের ফলস্বরূপ শিক্ষার্থী নথিভুক্তিকরণ হ্রাস পাওয়ার কারণে প্রদান করা কার্যক্রমগুলির সংখ্যা এবং পরিসরে পরিবর্তন হতে পারে। যেহেতু সিদ্ধান্তগুলি বিদ্যালয়ের প্রশাসকদের কাছে থাকবে এবং শিক্ষার্থীদের আগ্রহ এবং উপলব্ধ সম্পদের ভিত্তিতে গৃহিত হবে তাই ঐ পরিবর্তনগুলি কিভাবে বাস্তবায়িত হবে তা নির্দিষ্ট করে অনুমান করা কঠিন। যেকোন সিটি স্কুলের ক্ষেত্রে এটি সত্যি যে সকল বিদ্যালয়গুলি বার্ষিকভাবে প্রদান করা পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রমগুলিকে শিক্ষার্থীদের চাহিদা এবং উপাদানের উপলভ্যতার ভিত্তিতে পরিবর্তন করছে।

[7] 29শে সেপ্টেম্বর, 2014 পর্যন্ত বিদ্যালয়ের রিপোর্ট করা উপাত্ত। P.S.152-এর সম্বন্ধে আরও তথ্যের জন্য পরিদর্শন করুন: http://schools.nyc.gov/SchoolPortals/30/Q152/default.htm.

জিলা 30-এর ভবিষ্যতের প্রাথমিক শিক্ষার্থীদের উপর নথিভুক্তিকরণের প্রভাব

P.S. 152 একটি আঞ্চলিক প্রাথমিক বিদ্যালয় যা শিশুবিদ্যালয় থেকে শুরু করে ষষ্ঠ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করে এবং প্রাক-শিশুবিদ্যালয় কার্যক্রম প্রদান করে। একজন শিক্ষার্থীর আঞ্চলিক বিদ্যালয় তার বাড়ীর ঠিকানার ভিত্তিতে নির্ধারিত হয়। উপরে যেমন হয়েছে, P.S. 152কে সংকুচিত করার প্রস্তাবটি P.S. 152-এর ভর্তির প্রক্রিয়াকে প্রভাবিত করবে বলে প্রত্যাশা করা হয় না; তবে, বিদ্যালয়টি আর ষষ্ঠ শ্রেণিতে ভর্তি হতে আসা শিক্ষার্থীদের ভর্তি নেবে না। P.S. 152 সেই সকল শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করা বজায় রাখবে যারা সেই অঞ্চলের মধ্যে বসবাস করে, যেমন অতীতে হয়েছে এবং আচার্যের বিধিনিয়ম A-101 মেনে করা হয়েছে। A-101-এর সম্পূর্ণ বিবরণ পাওয়া যেতে পারে: http://schools.nyc.gov/RulesPolicies/ChancellorsRegulations/default.htm.

আঞ্চলিক স্কুলগুলি বাধ্য থাকবে তাদের অঞ্চলে বসবাস করা সমস্ত ছাত্রছাত্রীদের পরিষেবা দিতে, কোন সময় পরিবারগুলি নাম লেখানোর জন্য আসবেন, তা অগ্রাহ্য করেই। আবেদনকারীদের নিম্নোক্ত অগ্রাধিকারের ভিত্তিতে মণ্ডলায়িত বিদ্যালয়গুলিতে ভর্তি নিতে হবে:

a. আঞ্চলিক ছাত্রছাত্রীরা যাদের ভাইবোন হিসাবে যাচাই হয়েছে তারা আবেদনের আগেই বা সঙ্গে সঙ্গে নথিভুক্ত হয়ে যায় এবং K-5 শ্রেণীতে নথিভূক্ত করা হয়ে থাকে স্কুলে পরবর্তী বছরে সেপ্টেম্বর মাস থেকে ক্লাস শুরুর জন্য।

b. আঞ্চলিক ছাত্রছাত্রী ছাড়া যারা (a)এই স্কুলগুলিতে আবেদন করবেন তাদের জন্য।

যদি স্থান থাকে, এবং যদি নথিভূক্তিকরনের অফিস মনে করে যে জেলার প্রয়োজন অনুসারে যা যথাযথ, তাহলে নিম্নে বর্ণিত ক্রমানুসারে তাদের অফার করার জন্য, নিম্নলিখিত অগ্রাধিকার দলের জন্য অনুমোদিত হতে পারে। শুধুমাত্র শিক্ষার্থী ভর্তি দপ্তর এই অগ্রাধিকারের ক্রমের বাইরে গিয়ে অঞ্চলের বাইরের শিক্ষার্থীদের নিযুক্তি অনুমোদন করতে পারে; উদাহরণস্বরূপ, যে শিক্ষার্থীরা তাদের অঞ্চলের বিদ্যালয়ে ভর্তি হতে পারছে না অথবা দ্বৈত ভাষা বা অটিজন স্পেকট্রম ব্যাধিতে আক্রান্ত শিক্ষার্থীদের জন্য অন্তর্ভূক্তি ক্লাসের মতো বিশেষ কার্যক্রমগুলিতে ভর্তি হতে পারছেন না তাদের জন্য।

c. সেই স্কুলের অঞ্চলে বসবাস করে না কিন্তু সেই জেলার অধিবাসী ছাত্রছাত্রীরা যারা প্রত্যয়িত অপত্য সন্তান হিসেবে পূর্ব-নথিভূক্ত অথবা আবেদন করার সময়ে নথিভূক্ত, তারা সেপ্টেম্বর মাসে স্কুলে গ্রেড K-5-এ নথিভূক্ত হবে পরবর্তী স্কুল শিক্ষাবর্ষের জন্য।

d. অন্য জেলার অধিবাসী ছাত্রছাত্রীরা যারা প্রত্যয়িত অপত্য সন্তান হিসেবে পূর্ব-নথিভূক্ত অথবা আবেদন করার সময়ে নথিভূক্ত, তারা সেপ্টেম্বর মাসে স্কুলে গ্রেড K-5-এ নথিভূক্ত হবে পরবর্তী স্কুল শিক্ষাবর্ষের জন্য।

e. যে সমস্ত ছাত্রছাত্রী বর্তমানে নিম্নলিখিত স্কুলের বছরের মধ্যে স্কুলে K-5 হতে হবে যিনি ভাইবোন ছাড়া স্কুলের জোন বাইরে কিন্তু স্কুলের জেলায় বসবাস করেন যারা স্কুলের প্রাক কিন্ডারগার্টেন প্রোগ্রাম এ নথিভূক্ত হতে পারবেন;

f. বর্তমানে যে ছাত্রছাত্রীরা স্কুলের প্রাক-কিন্ডারগার্টেন কার্যক্রমের অন্তর্গত যারা স্কুলের অঞ্চলের বাইরে কিন্তু স্কুল জেলায় বসবাস করেন, যাদের কোন অপত্য নেই এবং যারা পরবর্তী স্কুল শিক্ষাবর্ষে স্কুলে K-5-এ যাবে;

g. (c) এবং (e) ছাড়া অন্য ছাত্রছাত্রী যারা সেই জেলার অধিবাসী তাদের; এবং

h. (d) এবং (f) ছাড়া অন্য ছাত্রছাত্রী যারা অন্য জেলার অধিবাসী।

IEP সহ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা যারা একটি জিলা 75 বিদ্যালয়,[8]একটি বেসরকারী বিদ্যালয় বা বিশেষায়িত কার্যক্রমে, [9] ভর্তি হওয়ার সুপারিশ লাভের প্রত্যাশা করে তারা বিদ্যালয়গুলিতে সাধারণ শিক্ষার্থীদের মতো একইভাবে ভর্তি হয়। শারীরিকভাবে অক্ষমতাযুক্ত শিক্ষার্থীদের যাতে তাদের IEP অনুসারে বাধ্যতামূলক কার্যক্রম এবং পরিষেবাগুলি পাওয়ার জারি থাকে বিদ্যালয়গুলি নিশ্চিত করবে

[8] জিলা 75 শহরব্যাপী অটিজম স্পেকট্রাম, উল্লেখযোগ্য সংজ্ঞাত্মক বিলম্ব, তীব্র ভাবাবেগজনিত প্রতিবন্ধকতা, ইন্দ্রিয় বিকলাঙ্গতা এবং/অথবা বহুমুখী বিকলাঙ্গতার শিকার শিশুদের শিক্ষামূলক, বৃত্তিমূলক এবং আচরণগত সহায়তা কার্যক্রম প্রদান করে। জিলা 75 এই ধরনের ছাত্র-ছাত্রীদের বিভিন্ন বিন্যাসে পরিষেবা দিয়ে থাকে, যার মধ্যে রয়েছে প্রাথমিক, পূর্ব-মাধ্যমিক এবং উচ্চ বিদ্যালয়গুলি, ছাত্র-ছাত্রীদের আশ্রয়-নিবাস, হাতপাতাল এবং বিভিন্ন প্রতিষ্ঠানগুলি। নিউ ইয়র্কের ব্রঙ্কস, ব্রুকলিন, ম্যানহাটান, কুইনস, স্ট্যাটেন আইল্যান্ড এবং সিওসেটের 310 টিরও বেশি স্থানে এই কার্যক্রমগুলি বিস্তৃত। জিলা 75-এর কার্যক্রমগুলি সম্পর্কে আরও বিশদে জানতে অনুগ্রহ করে ডিওই-এর এই ওয়েবসাইটটি দেখুন http://schools.nyc.gov/Offices/District75/default.htm।

[9] বিশেষায়িত কার্যক্রমগুলি এমন একগুচ্ছ কার্যক্রমকে উল্লেখ করে যেগুলি সব সমুদায় বিদ্যালয়গুলিতে থাকে না। এই কার্যক্রমগুলির মধ্যে অন্তর্ভূক্ত হল দ্বিভাষিক বিশেষ শিক্ষা কার্যক্রম এবং অটিজম স্পেকট্রাম ব্যাধিতে আক্রান্ত শিক্ষাদের কার্যক্রমগুলি। যদি কোন শিক্ষার্থীর বিশেষায়িত কার্যক্রমের প্রয়োজন আছে বলে চিহ্নিত হয়, তাহলে তাকে ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে ভর্তির বিকল্প হিসাবে একটি কার্যক্রম প্রদান করা হতে পারে এবং

অপরদিকে সেই সকল শিক্ষার্থী যাতে সম্ভাব্য সর্বোচ্চ অবস্থা পর্যন্ত তাদের সাধারণ সহপাঠীদের সাথে পড়াশোনা করতে পারে তাও নিশ্চিত করবে।

DOE নীতি অনুযায়ী, ELL ছাত্রছাত্রীরাও প্রাথমিক স্কুলে ভর্তি হবে একই ভাবে যেভাবে তাদের সহপাঠীরা ভর্তি হয় যারা ELL ছাত্রছাত্রী নয়। ELL পরিষেবাগুলি প্রয়োজন আছে এমন যেকোন শিক্ষার্থী P.S. 152-এ যথাযথ পরিষেবা পেতে থাকবেন।

উপরে উল্লেখিত অনুসারে, DOE ডিস্ট্রিক 30 জিলা 30 CEC-এর কাছে অঞ্চল পুনঃনির্ধারণ করার (রিজোনিং) একটি প্রস্তাব জমা করতে চায় যেটি 22শে সেপ্টেম্বর 2014 তারিখে উপস্থাপিত করা হয়েছিল এবং যার মধ্যে অন্তর্ভূক্ত হল 2015-2016 শিক্ষা বর্ষে শুরু হওয়া P.S. 152-এর অঞ্চলের পরিবর্তনগুলিও। অঞ্চল পুনঃনির্ধারণ করার প্রস্তাবটি কার্যকর হওয়ার আগে জিলা 30 CEC-কে অবশ্যই এটি অনুমোদন করতে এবং 16ই অক্টোবর, 2014 তারিখে প্রস্তাবটির উপর ভোট হওয়ার সম্ভবনা আছে। অঞ্চল পুনঃনির্ধারণের প্রস্তাব P.S. 152-এর অঞ্চলের আয়তনকে হ্রাস করে, যার অর্থ হল বিদ্যালয় অল্প সংখ্যক শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করবে এবং সময়ের সাথে সাথে ভবন ব্যবহারের হার হ্রাস পাবে।

জিলা 24 এবং 30-এর মাধ্যমিক বিদ্যালয়গুলির ভবিষ্যৎ শিক্ষার্থীদের উপর নথিভুক্তিকরণের প্রভাব

উপরে উল্লেখিত অনুসারে, ষষ্ঠ শ্রেণির যে শিক্ষার্থীরা P.S. 152তে ভর্তি হত তারা তাদের বাড়ীর ঠিকানার ভিত্তিতে দুটি ভিন্ন জেলার তিনটি মাধ্যমিক বিদ্যালয়ের যেকোন একটিতে ভর্তি হবে। ঐ মাধ্যমিক বিদ্যালয়গুলি হল জেলা 24-এর I.S. 125 এবং জিলা 30-এর I.S. 10 এবং I.S. 230। এই প্রস্তাবটি এই তিনটি বিদ্যালয়ের ভর্তি প্রক্রিয়াকে প্রভাবিত করবে না বলে প্রত্যাশা করা হয়। I.S. 125, I.S. 10 এবং I.S. 230 হল আঞ্চলিক মাধ্যমিক বিদ্যালয় যেগুলি তাদের এলাকার বসবাসকারী শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করে। এই বিদ্যালয়গুলি আচার্যের বিধিনয়ম A-101 অনুসারে তাদের অঞ্চলে বসবাসকারী ষষ্ঠ, সপ্তম এবং অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করে। আঞ্চলিক স্কুলগুলি বাধ্য থাকবে তাদের অঞ্চলে বসবাস করা সমস্ত ছাত্রছাত্রীদের পরিষেবা দিতে, কোন সময় পরিবারগুলি নাম লেখানোর জন্য আসবেন, তা অগ্রাহ্য করেই।

যে জিলাতে তারা প্রাথমিক বিদ্যালয়ে গিয়েছিল তা ভিন্ন হলে মাধ্যমিক বিদ্যালয়ে আবেদন করার প্রক্রিয়ার মাধ্যমে, শিক্ষার্থীদের জিলার একগুচ্ছ মাধ্যমিক বিদ্যালয়ে আবেদন করার সুযোগ প্রদান করা হয় যেখানে তারা মাধ্যমিক বিদ্যালয়ে যায়। বোরো-ব্যাপী অথবা শহরব্যাপী যোগ্যতার নিরিখে শিক্ষার্থীরা নির্দিষ্ট বিদ্যালয়গুলিতেও আবেদন করতে পারে। এছাড়াও ছাত্র-ছাত্রীরা সেই সমস্ত অসংখ্য বিদ্যালয়গুলিতেও আবেদন করার সুযোগ পাবে যারা তাদের ভর্তির প্রক্রিয়া নিজেরাই নিজেদের মতো করে স্থির করে। প্রত্যেক জিলার মাধ্যমিক বিদ্যালয়ের ডায়েরেক্টরিতে এই বিকল্পগুলি সম্বন্ধীয় সকল তথ্যগুলি মুদ্রিত আছে, যা পাওয়া যেতে পারে http://schools.nyc.gov/ChoicesEnrollment/Middle/Publications/default.htm। অনুগ্রহ করে মনে রাখবেন যে এই ডায়রেক্টরিগুলি প্রতিবছর হালনাগাদ করা হয়। পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়ে আবেদনের প্রক্রিয়া সংক্রান্ত সাধারণ তথ্যাবলী নিচে উল্লিখিত ডিওই-এর ওয়েবসাইটে পাওয়া যাবে: http://schools.nyc.gov/ChoicesEnrollment/Middle/default.htm.

আঞ্চলিক স্কুলগুলি তাদের অঞ্চলে বসবাসকারী সকল শিক্ষার্থীকে পরিষেবা দিতে বাধ্য থাকবে। আঞ্চলিক বিদ্যালয়গুলি আচার্যের বিধিনয়ম A-101 অনুসারে তাদের অঞ্চলে বসবাসকারী ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করে।[10]

মাধ্যমিক বিদ্যালয়ের আবেদন প্রক্রিয়ার অংশ হিসাবে, প্রতিটি শিক্ষার্থীর নিজের মতো করে তৈরি করা মাধ্যমিক বিদ্যালিয়ের আবেদন পত্রে আগে থেকেই উল্লেখ করা তাদের যোগ্যতা অর্জনকারী পছন্দগুলির মধ্যে থেকে শিক্ষার্থীরা তাদের অগ্রাধিকারগুলিকে ক্রমানুসারে সাজাবে। জিলা 24 এবং জিলা 30-এর মধ্যে, এই বিকল্পগুলি অন্তর্ভূক্ত:

- একটি আবাছাই বা সীমিত আবাছাই ভর্তি প্রক্রিয়া সহ মাধ্যমিক বিদ্যালয় বা কার্যক্রমগুলি (আবাছাই বিদ্যালয়গুলির মতো একইভাবে সীমিত আবাছাই বিদ্যালয়গুলি শিক্ষার্থীদের ভর্তি করে শুধুমাত্র ব্যতিক্রম হিসাবে যে শিক্ষার্থীরা বিদ্যালয়ের তথ্য অধিবেশনে যোগদান করে তারা তাদের অগ্রাধিকার প্রদান করে);
- আঞ্চলিক মাধ্যমিক বিদ্যালয়গুলি;
- মাধ্যমিক বিদ্যালয় শ্রেণিগুলির জন্য একটি বাছাই, আবাছাই, অথবা সীমিত আবাছাই ভর্তি প্রক্রিয়া সহ K-8 বিদ্যালয়গুলি যেগুলির মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য আসন উপলব্ধ থাকে;
- মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য বাছাই, আবাছাই, অথবা সীমিত আবাছাই ভর্তি প্রক্রিয়া সহ 7-12 বিদ্যালয়; এবং
- বোরো বা শহরব্যাপী যোগ্যতাসহ অ-বাছাইকৃত, সীমিত অ-বাছাইকৃত অথবা বাছাইকৃত ভর্তির পদ্ধতিসহ বিদ্যালয়গুলি।

[10] A-101-এর সম্পূর্ণ বিবরণ পাওয়া যেতে পারে http://schools.nyc.gov/RulesPolicies/ChancellorsRegulations/default.htm

2015-2016 শিক্ষা বর্ষের জন্য মাধ্যমিক বিদ্যালয়গুলিতে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের আবেদনপত্র জমা দেওয়ার শহরব্যাপী শেষ দিন হল ডিসেম্বর 2014। যে শিক্ষার্থীরা আবেদন করেনি তারা একটি মাধ্যমিক বিদ্যালয়ে স্থান পাবে, সাধারণত তাদের আঞ্চলিক বিদ্যালয়ে। তার সাথে সাথে, নতুন মাধ্যমিক বিদ্যালয়গুলি 2015-2016 শিক্ষা বর্ষের জন্য সমগ্র শহর জুড়ে উন্মুক্ত করার জন্য মনোনীত হয়েছে এবং 2015 সালের শুরুর দিকে বিবেচনা করার জন্য শিক্ষার্থীদের কাছে উপলব্ধ থাকবে। যোগ্যতা অর্জনকারী শিক্ষার্থীরা ঐ সময় একটি "নতুন বিদ্যালয়"-এ ভর্তির আবেদন করার সুযোগ পাবে। পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়গুলিতে আবেদনের সময়সীমা সংক্রান্ত তথ্য নিচে প্রদত্ত লিঙ্কে পাওয়া যাবে: http://schools.nyc.gov/ChoicesEnrollment/Middle/default.htm.

IEP সহ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা যাদের জিলা 75 বিদ্যালয়ে ঐ সুপারিশকৃত নিয়োগের ব্যতিক্রম রয়েছে, তারা বিদ্যালয়গুলিতে সাধারণ শিক্ষার্থীদের মতো একইভাবে ভর্তি হবে। শারীরিক অক্ষমতাযুক্ত ছাত্র-ছাত্রীরা যাতে তাদের আইইপি অনুসারে বাধ্যতামূলক পরিষেবাগুলি পায় তা বিদ্যালয়গুলিকে সুনিশ্চিত করতে হবে, সাথে সাথে এও নিশ্চিত করতে হবে যে এই ধরনের ছাত্র-ছাত্রীরা যেন যতদূর সম্ভব তাদের শারীরিকভাবে সক্ষম সহপাঠীদের সঙ্গে একসঙ্গে শিক্ষালাভের সুযোগ পায়।

ডিওই-এর নীতি অনুসারে, ইএলএল ছাত্র-ছাত্রীদের পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়গুলিতে একই পদ্ধতিতে ভর্তি করতে হবে যে পদ্ধতিতে তাদের ইএলএল নয় এমন সহপাঠীদের ভর্তি করা হয়েছে। ইএলএল পরিষেবা প্রয়োজন এমন যে কোন ছাত্র/ছাত্রী DOE-এর নীতি অনুসারে উপযুক্ত পরিষেবাসমূহ পেয়ে যেতে থাকবে।

সম্প্রতি P.S. 152-এর শিক্ষার্থীদের কাছে পঞ্চম এবং ষষ্ঠ শ্রেণিতে ভর্তি হওয়ার আবেদন করার বিকল্প আছে। এই প্রস্তাব যদি অনুমোদিত হয়, তাহলে 2015-2016 শিক্ষা বর্ষের শুরুতে, P.S. 152-এর শিক্ষার্থীদের কাছে শুধুমাত্র পঞ্চম এবং ষষ্ঠ শ্রেণিতে মাধ্যমিক বিদ্যালয়ে আবেদন করার বিকল্প থাকবে কারণ 2014-2015 শিক্ষা বর্ষ শেষ হওয়ার পরে P.S. 152 ষষ্ঠ-শ্রেণির শিক্ষার্থীদের আর ভর্তি নেবে না।

উপরে উল্লেখিত অনুসারে, P.S. 152-এর ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থীরা দুটি ভিন্ন রাজ্যের মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হবে: তাদের বাড়ীর ঠিকানার ভিত্তিতে জিলা 24শে I.S. 125, অথবা জিলা 30শে I.S. 10 বা I.S.230।

নিম্নলিখিত লিংকে জিলা 24শের মাধ্যমিক বিদ্যালয়ের বিকল্পগুলির সম্বন্ধে তথ্য উপলব্ধ আছে:
http://schools.nyc.gov/NR/rdonlyres/A7A87EE8-4824-479C-B4CF-27A492604710/0/MSD_D24.pdf.

তাছাড়া, নিম্নলিখিত লিংকে জিলা 30শের মাধ্যমিক বিদ্যালয়ের বিকল্পগুলির সম্বন্ধে তথ্য উপলব্ধ আছে:
http://schools.nyc.gov/NR/rdonlyres/4BBAA5F4-1A4E-40A7-9530-2C9BF8C46481/0/MSD_D30.pdf.

ওভার-দা-কাউন্টার ("OTC") শিক্ষার্থীদের জন্য নথিভুক্তিকরণের প্রভাব

এই প্রস্তাব যদি অনুমোদিত হয়, তাহলে P.S. 152 OTC ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে আর শিক্ষার্থী নথিভুক্ত করবে না, কারণ সেখানে আর ষষ্ঠ শ্রেণির পরিষেবা প্রদান করা হবে না। I.S. 10, I.S. 125 এবং I.S. 230 OTC ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে শিক্ষার্থী নথিভুক্তকরণ জারি রাখবে। এই প্রস্তাবটি I.S. 10, I.S. 125 এবং I.S. 230তে OTC শিক্ষার্থীদের ভর্তিকে প্রভাবিত করবে না বলেই প্রত্যাশা করা হয়।

যে শিক্ষার্থীরা কোন প্রাথমিক শ্রেণির ভর্তি প্রক্রিয়ার অংশ নন এবং/অথবা বিদ্যালয় শুরু হওয়ার সময় NYC বিদ্যালয়গুলিতে ভর্তি হয়নি এবং তাদের একটি বিদ্যালয়ে ভর্তি হওয়ার প্রয়োজন, OTC হল সেই সকল শিক্ষার্থীদের নথিভুক্ত করার একটি পদ্ধতি। এই শিক্ষার্থীরা চারটি গোষ্ঠীর মধ্যে একটিতে পড়ে:

- নিউ ইয়র্ক শহরের বিদ্যালয় ব্যবস্থায় তারা নবাগত; অথবা
- নিউ ইয়র্ক সিটি বিদ্যালয় ছেড়ে চলে গেছে এবং আবার ফিরে এসেছে;[11] অথবা
- স্থানান্তরণ চাইছে (চ্যান্সেলরের নিয়মাবলী এ-101-এ উল্লিখিত নির্দেশিকার ভিত্তিতে); অথবা
- অন্য কোন কারণের জন্য মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তি প্রক্রিয়াতে অংশ গ্রহণ করেনি।

যখন একজন মাধ্যমিক বিদ্যালয়ের যোগ্যতা অর্জনকারী শিক্ষার্থী ভর্তির জন্য আসে, তখন তার বিদ্যালয়ে ভর্তির ব্যাপারটি সেই শিক্ষার্থীর আগ্রহ, বাড়ীর ঠিকানা, কোন বিদ্যালয়ে আসন উপলব্ধ আছে, এবং কোথায় প্রযোজ্য এবং স্থানান্তরের নির্দেশিকার ভিত্তিতে নির্ধারিত হয়।

[11] আচার্যের বিধিনিয়ম A-101 অনুসারে, শিক্ষার্থীদের তাদের পূর্ববর্তী বিদ্যালয়ে ছেড়ে যাওয়ার এক বছরের মধ্যে "ফিরে আসার অধিকার" আছে, তবে পুরো বিষয়টি আসল উপলব্ধ থাকার উপর নির্ভরশীল। অতএব, মন্ডলের বাইরের ছাত্র-ছাত্রীরা ওটিসি ভর্তি হওয়ার জন্য এসে পড়তে পারে এবং তাদের কোন একটি মন্ডলায়ন বিদ্যালয়ে ভর্তির ব্যবস্থা করা হতে পারে।

শিক্ষার্থীরা তাদের প্রাথমিক বিদ্যালয়ের জেলা বা যে মাধ্যমিক বিদ্যালয়ের জন্য শিক্ষার্থীর ঠিকানা নির্ধারিত আছে তার ভিত্তিতে শিক্ষার্থীরা মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হওয়ার যোগ্যতা অর্জন করে। মন্ডলায়ন বহির্ভুত জিলাগুলিতে, ছাত্র-ছাত্রীদের বোরোর নথিভুক্তকরণ দপ্তরে যোগাযোগ করতে হয়, যেখানে তাকে একজন উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করতে হয় যিনি তাদের প্রয়োজন মতো বিকল্পের সন্ধান দেন। কিন্তু, বহু জিলাতে আবার ছাত্র-ছাত্রীরা সরাসরি তাদের মন্ডলায়নকৃত পূর্ব-মাধ্যমিক বিদ্যালয়ে গিয়ে উপস্থিত হতে পারে।

প্রাক-শিশুবিদ্যালয়ের ভবিষ্যৎ শিক্ষার্থীদের উপর প্রভাব

P.S.152-এর প্রাক-শিশুবিদ্যালয় কার্যক্রমকে এই প্রস্তাবটি প্রভাবিত করবে না বলে প্রত্যাশা করা হয়। প্রাক-শিশুবিদ্যালয়ে ভর্তি হতে আসা শিক্ষার্থীরা কেন্দ্রীভূত প্রাক-শিশুবিদ্যালয় ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে প্রাক-শিশুবিদ্যালয় কার্যক্রমে ভর্তি আবেদন করতে পারেন। সকল প্রাক-শিশুবিদ্যালয় কার্যক্রমগুলির সাথে, P.S. 152তে প্রাক-শিশুবিদ্যালয়ের উপলভ্যতা বজায় থাকার বিষয়টি উপলভ্য অর্থ এবং চাহিদার উপর নির্ভরশীল। আচার্যের বিধিনিয়ম A-101-এ উল্লেখিত অগ্রাধিকারের ভিত্তিতে শিক্ষার্থীদের প্রাক-শিশুবিদ্যালয়ে ভর্তি নেওয়ার প্রস্তাব প্রদান করা বজায় থাকবে। শিক্ষার্থীরা বিভিন্ন বিষয়ের ভিত্তিতে অগ্রাধিকার পায়, যেমন সেই অঞ্চলে বসবাস করা, পরবর্তী শিক্ষা বর্ষের শুরুতে ঐ বিদ্যালয়ের শিশুবিদ্যালয় থেকে শুরু করে পঞ্চম শ্রেণি পর্যন্ত কোন একটি শ্রেণিতে সহদোর ভর্তি হলে, এমন একটি বিদ্যালয়ে শিক্ষা লাভ করলে যেখানে প্রাক-শিশুবিদ্যালয় নেই, জিলার মধ্যে বসবাস করলে, বোরোতে বসবাস করলে।

B. বিদ্যালয়গুলি

P.S. 152 হল Q152 ভবনে অবস্থিত একমাত্র বিদ্যালয়; অতএব, P.S. 152 হল একমাত্র সংস্থা যা এই প্রস্তাবের দ্বারা প্রভাবিত হবে। বিভাগ IV-এর প্রদর্শন অনুসারে, এই প্রস্তাব P.S. 152-এর নথিভুক্তিকরণকে প্রভাবিত করবে।

সংকোচন এবং প্রস্তাবিত অঞ্চল পুনঃনির্ধারণের ফলস্বরূপ 2020-2021 শিক্ষা বর্ষে P.S. 152তে স্থিতিশীল নথিভুক্তিকরণ হওয়ার পরে P.S. 152-এর যে শিক্ষার্থীরা শহরব্যাপী নির্দেশনামূলক পদচিহ্ন ("ফুটপ্রিন্ট") অনুসরণ করে তাদের পরিষেবা প্রদান করার জন্য পর্যাপ্ত স্থান থাকবে। নির্দেশনামূলক পদচিহ্নে প্রবেশ করার জন্য অনুগ্রহ করে নিউ ইয়র্ক শহরের শিক্ষা বিভাগের শিক্ষাসংক্রান্ত ওয়েবসাইটটি পরিদর্শন করুন, যা স্থান বন্টন এবং সিটি বিদ্যালয়গুলিতে ব্যবহার সম্বন্ধে সহায়তা প্রদান করে: http://schools.nyc.gov/NR/rdonlyres/78D715EA-EC50-4AD1-82D1-1CAC544F5D30/0/DOEFOOTPRINTSConsolidatedVersion2011_FINAL.pdf.

উপরে উল্লেখিত অনুসারে, DOE অঞ্চল পুনঃনির্ধারণ করার (রিজোনিং) একটি প্রস্তাব জমা করতে চায় যেটি 22শে সেপ্টেম্বর 2014 তারিখে উপস্থাপিত করা হয়েছিল এবং যার মধ্যে অন্তর্ভূক্ত হল 2015-2016 শিক্ষা বর্ষে শুরু হওয়া P.S. 152-এর অঞ্চলের পরিবর্তনগুলিও। পুনঃনির্ধারণ প্রস্তাবটি কার্যকর হওয়ার আগে জিলা 30 CECকে অবশ্যই সেটি অনুমোদন করতে হবে, এবং CEC প্রত্যাশা করে যে 16ই অক্টোবর, 2014 তারিখে ভোটদান হবে। অঞ্চল পুনঃনির্ধারণের প্রস্তাব P.S. 152-এর অঞ্চলের আয়তনকে হ্রাস করে, যার অর্থ হল বিদ্যালয় অল্প সংখ্যক শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করবে এবং সময়ের সাথে সাথে ভবন ব্যবহারের হার হ্রাস পাবে।

C. সমুদায়

এই প্রস্তাব P.S. 152-এর শ্রেণি ব্যাপ্তিকে জিলা 30-এর এবং শহরব্যাপী অন্যান্য প্রাথমিক বিদ্যালয়গুলির সাথে শ্রেণিবদ্ধ করে। এটি I.S. 10, I.S. 125 এবং I.S. 230-এর প্রবেশ বিন্দুর সংখ্যাও হ্রাস করে, যার ফলস্বরূপ আরও বেশি স্থিতিশীল নথিভুক্তিকরণ পদ্ধতি দেখা যায়, যা বিদ্যালয়গুলিকে আরও বেশি শক্তিশালী বিদ্যালয় সমুদায় গড়ে তুলতে এবং প্রতিপালন করতে সাহায্য করে। পূর্বে P.S.152-তে শিক্ষালাভ করত এমন শিক্ষার্থী যারা ষষ্ঠ শ্রেণিতে ভর্তি হতে আসছে তাদের জন্য এই মাধ্যমিক বিদ্যালয়গুলিতে পর্যাপ্ত স্থান থাকবে।

মাধ্যমিক বিদ্যালয়গুলিতে সাধারণত অত্যন্ত বৈচিত্রমূলক এবং সমৃদ্ধশালী নির্দেশনামূলক পরিষেবা থাকে, বিশেষত বিজ্ঞান এবং ভাষা বিভাগে, তার সাথে সাথে পাঠ্যক্রম বহির্ভূত ক্রিয়াকলাপও থাকে। এর সাথে সাথে, এই কার্যক্রমগুলিকে সহায়তা করার জন্য মাধ্যমিক বিদ্যালয়ের ভবনগুলির স্থান এবং সুবিধাগুলি সাধারণত উন্নত মানের হয়। সপ্তম শ্রেণির পরিবর্তে ষষ্ঠ শ্রেণিতে মাধ্যমিক বিদ্যালয়ে প্রবেশ করলে, P.S. 152-এর শিক্ষার্থীরা এই সমৃদ্ধি, উচ্চ-বিদ্যালয়ের প্রস্তুতিমূলক কার্যকলাপের অভিজ্ঞতা এক বছর আগে থাকতে লাভ করবে।

P.S. 152-এর শিক্ষার্থীদের ইতিমধ্যেই পঞ্চম শ্রেণির শিক্ষার্থী হিসাবে মাধ্যমিক বিদ্যালয়ে আবেদন করার বিকল্প আছে। তবে, P.S.152-এর যে শিক্ষার্থীরা মাধ্যমিক স্কুলে ভর্তির আবেদন করার জন্য ষষ্ঠ শ্রেণি অবধি অপেক্ষা করে তাদের আবেদন করার জন্য শুধুমাত্র সেই সব বিদ্যালয়ের বিকল্প থাকে যেগুলিতে ষষ্ঠ শ্রেণির আসন পূর্ণ হয়নি এবং সপ্তম শ্রেণির আসন ফাঁকা আছে কারণ বেশিরভাগ মাধ্যমিক বিদ্যালয়গুলি ষষ্ঠ শ্রেণির শুরুতেই শিক্ষার্থীদের ভর্তি করে। ফলস্বরূপ, P.S. 152-এর যে শিক্ষার্থীরা আগে থেকেই মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হওয়া শুরু করেছে তাদের তুলনায় যে শিক্ষার্থীরা ষষ্ঠ শ্রেণি পর্যন্ত থাকে তাদের মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হওয়ার সুযোগ কম থাকে।

P.S. 152-এর যে শিক্ষার্থীরা সপ্তম শ্রেণিতে মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হয় তারা তাদের বেশিরভাগ সহপাঠীদের তুলনায় এক বছর দেরিতে মাধ্যমিক বিদ্যালয়ে প্রবেশ করা সম্বন্ধীয় প্রতিস্পর্ধার সম্মুখীন হতে পারে। উপরন্তু, যতক্ষণ না পর্যন্ত তারা একটি 6-12 বিদ্যালয়ে যোগদান করছে, যে শিক্ষার্থীরা সপ্তম শ্রেণিতে মাধ্যমিক বিদ্যালয়ে প্রবেশ করেছে তারা উচ্চ বিদ্যালয়ে যাওয়ার আগে শুধুমাত্র দু'বছরের জন্য তাদের নতুন বিদ্যালয়েই থাকবে, তারা আরও একটি স্থানান্তরণ এবং সমন্বয়ের সম্মুখীন হওয়ার আগে তাদেরকে একটি নতুন বিদ্যালয়ের পরিবেশ এবং নতুন শিক্ষা সম্বন্ধীয় প্রত্যাশাগুলির সাথে মানিয়ে নেওয়ার জন্য তাদেরকে খুব অল্প সময় দেওয়া হয়।

নিচের সারণীটি P.S.152-এর প্রস্তাবিত সংকোচন সহ এবং সংকোচন ব্যাতীত জিলা 24 এবং জিলা 30-এর ষষ্ঠ শ্রেণির আসন উপলভ্যতা প্রদর্শন করার জন্য সম্ভাব্য নথিভুক্তিকরণ এবং আসন ক্ষমতার রূপরেখা প্রদর্শন করে। এটা মনে রাখাও গুরুত্বপূর্ণ যে বাড়তি ক্ষমতার ভিত্তি হল জিলাতে বর্তমানে ষষ্ঠ শ্রেণির আসনের উপলভ্যতা।

জিলা 30 এবং জিলা 24[12,13, এর I.S.125-এ 2015-2016-এর মোট সম্ভাব্য 6**ষ্ঠ শ্রেণির আসনের উপলভ্যতা,**14]



এই প্রস্তাবটি সমুদায়ের সদস্যদের এবং সংগঠনের Q152-এ বিদ্যালয় ভবন ব্যবহারের অনুমতি লাভ করার ক্ষমতাকে প্রভাবিত করবে না বলে প্রত্যাশা করা হয় (আংশিক অভিগম্য)।

IV. নথিভুক্তকরণ, ভর্তি এবং বিদ্যালয়ের অবদান সংক্রান্ত তথ্যাবলী

ভর্তি সংক্রান্ত উপাত্ত

বর্তমানে ভর্তির তথ্য	**PK:** প্রমিত সার্বজনীন প্রাক-শিশুবিদ্যালয়ে ভর্তির প্রক্রিয়া **শ্রেণি K-6:** অঞ্চলভিত্তিক

[12] ষষ্ঠ শ্রেণির আসন ক্ষমতা নির্ণয় করা হয় ওয়েটেড সিক্স গ্রেড বাজেট প্রোজেকসন্স এনরোলমেন্ট (%)কে 2013-2014-এর ব্লু বুক org ক্ষমতা দিয়ে গুণ করার মাধ্যমে। ষষ্ঠ শ্রেণির মোট আসন ক্ষমতার মধ্যে অন্তর্ভূক্ত হল অনুমোদিত বা প্রস্তাবিত নতুন বিদ্যালয়গুলির ষষ্ঠ শ্রেণির আসনগুলি, তার সাথে সাথ 2015-2016-এ শুরু হওয়া মাধ্যমিক বিদ্যালয়গুলিকে পরিষেবা প্রদান করার জন্য যে বিদ্যালয়গুলি আরও বিস্তৃত হয় সেখান কার ষষ্ঠ শ্রেণির আসনগুলি। জিলা 24শের অন্তর্গত I.S. 125 অন্তর্ভূক্ত কারণ P.S. 152 অঞ্চলের কিছু শিক্ষার্থী মাধ্যমিক বিদ্যালয়ের জন্য I.S. 125-এ যাবে, যেমন আগে আলোচনা করা হয়েছে।

[13] 2014-2015-এর বাজেট রেজিস্ট্রেশন প্রোজেকশনগুলি থেকে পাওয়া ষষ্ঠ শ্রেণির নথিভুক্তি ভিত্তিতে।

[14] 2013 সালের শরৎকালে, স্কুল কনস্ট্রাকশন অথোরিটি ("SCA") 2013-2014 শিক্ষা বর্ষে Q825 I.S. 125-এর ছোট-ভবনটির অপসারণ অনুমোদন করেছিল, যা 655টি আসন ক্ষমতা সহ Q125-এর জন্য স্থায়ী সংযুক্তির নির্মাণ করা। 2017-2018 শিক্ষা বর্ষের জন্য স্থায়ী সংযোজন সম্পূর্ণ হবে বলে প্রত্যাশা করা হয় এবং তা Q125 ভবনটির ষষ্ঠ শ্রেণির ক্ষমতা বৃদ্ধি করবে।

2015-2016তে প্রস্তাবিত পুনরায় শ্রেণি কনফিগারেশনের পরে ভর্তি	**PK:** প্রমিত সার্বজনীন প্রাক-শিশুবিদ্যালয়ে ভর্তির প্রক্রিয়া **গ্রেড K-5:** অঞ্চলভিত্তিক

ভর্তি সংক্রান্ত উপাত্ত[15]

	PK	গ্রেড KG	গ্রেড 1	গ্রেড 2	গ্রেড 3	গ্রেড 4	গ্রেড 5	গ্রেড 6	মোট নথিভুক্তিকরণ
2014-2015 (বাজেট পূর্বানুমান)	72	196	213	234	205	200	171	61	1,352
2015-2016 (পূর্বানুমান)	72	170-180	190-200	210-220	230-240	200-210	195-205	-	1,267-1,327
2016-2017 (পূর্বানুমান)	72	170-180	170-180	190-200	210-220	230-240	200-210	-	1,242-1,302
2017-2018 (পূর্বানুমান)	72	170-180	170-180	170-180	190-200	210-220	230-240	-	1,212-1,272
2018-2019 (পূর্বানুমান)	72	170-180	170-180	170-180	170-180	190-200	210-220	-	1,152-1,212
2019-2020 (পূর্বানুমান)	72	170-180	170-180	170-180	170-180	170-180	190-200	-	1,112-1,172
2020-2021 (পূর্বানুমান)	72	170-180	170-180	170-180	170-180	170-180	170-180	-	1,092-1,152

[15] নিচের সমস্ত সংখ্যাগুলি 2014-2015 বাজেট রেজিস্টারের পূর্বানুমান থেকে গৃহীত। পূর্বে যেভাবে বলা হয়েছে, সংকোচনের ফলস্বরূপ পরিকল্পিত নথিভুক্তিকরণের ক্ষেত্রে নথিভুক্তির পূর্বানুমান অ্যাকাউন্ট হ্রাস পাবে তার সাথে সাথে 22শে সেপ্টেম্বর 2014 তারিখে DOE যে পুনঃনির্ধারণের প্রস্তাব অনুমোদন করেছে তার জন্য ভর্তির কমতে পারে।

জনসংখ্যাবিষয়ক উপাত্ত[16]

আইসিটি বা এসসি পরিষেবাসমূহ পাচ্ছে এমন ছাত্র-ছাত্রীদের শতাংশ	9%
ব্যক্তিগতকৃত শিক্ষা কার্যক্রমগুলি সহ শিক্ষার্থীদের শতকরা হার	11%
ইংরেজি ভাষা শিক্ষার্থীদের শতকরা হার	28%
বিনামূল্যে বা কম মূল্য মধ্যাহ্নভোজন পাবার যোগ্য এমন ছাত্র-ছাত্রীদের শতাংশ	59%

বিদ্যালয়ের অবদানগত উপাত্ত

P.S. প্রভাব	2011-2012	2012-2013	2013-2014
বিদ্যালয়ের অবদান ও অগ্রগতি			
উত্কর্ষতা পরিদর্শনে প্রাপ্ত মান[17]	N/A[18]	N/A	N/A
অবদানগত উপাত্ত			
ইংরেজি ভাষা শিক্ষার দক্ষতার শতাংশ (পর্যায় 3 ও 4)	58%	37%	41.6%
গণিতে দক্ষতার শতাংশ (পর্যায় 3 ও 4)	76%	49%	53.9%
অন্যান্য মূলগত অবদান নির্দেশক			
উপস্থিতির হার	97%	96%	N/A
2013-2014 রাজ্যের দায়বদ্ধতার অবস্থা	13-14 গুড স্ট্যান্ডিং[19]		

V. বাজেট ও শিক্ষাদান সংক্রান্ত ব্যয়ে প্রারম্ভিক প্রভাব

যদি এই প্রস্তাব অনুমোদিত হয়, তাহলে P.S. 152-এর ষষ্ঠ শ্রেণি সংকোচনের ব্যাপারটি সম্পূর্ণরূপে বাস্তবায়িত হওয়ার পরে, DOE P.S. 152-এর ষষ্ঠ শ্রেণির সকল বরাদ্দ তহবিল বাজেয়াপ্ত করবে।

বিদ্যালয়ের বাজেটের বেশিরভাগ তহবিল শিশু প্রতি এবং বর্তমান ফেয়ার স্টুডেন্ট ফান্ডিং("FSF") পার ক্যাপিটা বরাদ্দকরণ স্তরের ভিত্তিতে বরাদ্দ করা হয়েছে। প্রতিবন্ধী ছাত্রছাত্রী, ELLs, এবং যাদের শিক্ষামূলক ঘাটতি পরিপূর্ণের প্রয়োজন আছে তাদের জন্য স্কুল অতিরিক্ত তহবিল গ্রহণকরতে পারবে। FSF প্রাথমিক নির্দেশমূলক খরচগুলিকে আচ্ছাদিত করে এবং FSF তহবিল কর্মী রাখার জন্য, সরবরাহ এবং উপাদান কেনার জন্য অথবা নির্দেশমূলক কার্যকর বাস্তবায়িত করার জন্য ব্যবহৃত হতে পারে।

সংকোচনের ফলস্বরূপ, P.S. 152তে নথিভুক্ত হওয়া মোট শিক্ষার্থীর সংখ্যা কমে যাবে, যার অর্থ হল বিদ্যালয়ের বাজেট কমবে, এবং কম সংখ্যার শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করার জন্য কম সংখ্যক শিক্ষক/শিক্ষিকা এবং সরবরাহকারীর প্রয়োজন হবে। নথিভুক্তিকরণের স্তর

[16] সকল সংখ্যাগুলি 2013-2014 অডিটেড রেজিস্টারে মোট শিক্ষার্থীর শতকরা হার হিসাবে।

[17] গুণমান পর্যালোচনা সম্বন্ধে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে DOE-এর ওয়েবসাইট পরিদর্শন করুন http://schools.nyc.gov/Accountability/tools/review/default.htm।

[18] একটি গুনমান পর্যালোচনা পরিমাপ করে একটি স্কুল ছাত্রছাত্রীদের কৃতিত্বকে সহায়তা করার জন্য কতটা ভালভাবে সংগঠিত তা জানা যায়। সব স্কুলগুলি প্রতিবছর গুণমান পর্যালোচনা গ্রহণ করে না। এইভাবে, P.S. এইভাবে, 2011-2012, 2012-2013 এবং 2013-2014 শিক্ষা বর্ষের জন্য P.S.152-এর কোন গুণমান পর্যালোচনা হয়নি।

[19] এই অবস্থাটি নিউ ইয়র্ক স্টেট ওয়েভার ফর দা নো চাইল্ড লেফট বিহাইন্ড আইনের অধীনে রাজ্য শিক্ষা বিভাগ (স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট)("SED") দ্বারা নির্ধারিত হয়। আরও তথ্যের জন্য নিচে প্রদত্ত SED-এর ওয়েবসাইটটি দেখুন: http://www.p12.nysed.gov/accountability/ESEADesignations.html.

অনুসারে তহবিল বরাদ্দ করা হবে, যা বিদ্যালয়কে শিক্ষার্থীদের নির্দেশমূলক প্রয়োজনগুলি মেটাতে সাহায্য করবে। এইভাবেই শহরের সকল বিদ্যালয়গুলিকে তহবিল বরাদ্দ করা হয়, প্রতিবছর নথিভুক্তিকরণের বৃদ্ধি বা হ্রাস অনুসারে বাজেটের বৃদ্ধি বা হ্রাস ঘটে। নথিভুক্তির বদল নির্বিশেষে, শিক্ষার্থীদের স্নাতকতা প্রয়োজনীয়তাগুলির ক্ষেত্রে সন্তুষ্টি লাভ করার জন্য তারা যথাযথ লাইসেন্স প্রাপ্ত কর্মীদের থেকে প্রয়োজনীয় পাঠ্যক্রমগুলির শিক্ষা লাভ করে।

নির্দেশের খরচ এবং FSF তহবিল এবং বিদ্যালয়ের অন্যান্য বরাদ্দকরণ P.S.152 রেজিস্টার পরিবর্তনের ফলস্বরূপ হয়ে দেখা দেবে এই সম্বন্ধীয় আরও তথ্যের জন্য অনুগ্রহ করে FSF নির্দেশিকাটি [20] এবং FY15 বিদ্যালয় বরাদ্দকরণ স্মারকলিপি[21] দেখুন। কর্মচারী নিয়োগে পরিবর্তন চুক্তিগত এবং আইনগত বাধ্যবাধকতার সীমার মধ্যে স্কুলের বিবেচনার স্বেচ্ছাধীন।

VI. কর্মীর প্রয়োজনীয়তা, প্রশাসন, পরিবহন এবং অন্যান্য সহায়তা পরিষেবাসমূহের উপর প্রভাব

A. কর্মীর প্রয়োজনীয়তা

P.S.152 থেকে ষষ্ঠ শ্রেণি বাদ যাওয়ার জন্য কিছু নথিভুক্তিকরণ প্রত্যাখ্যাত হয়েছে সেইকারণে P.S. 152-এর বর্তমান কিছু কর্মীর পদ বিলুপ্ত হতে পারে। কতগুলি পদ প্রভাবিত হবে সেই সংখ্যাটি নির্দিষ্ট করে আন্দাজ করাটা খুব কঠিন।

প্রয়োজন হতে পারে এমন যেকোন রকম পদ বিলুপ্তিকরণ বিদ্যমান শ্রমিক আইন অনুসারে পরিচালিত হবে। উদাহরণস্বরূপ, প্রতিটি প্রদত্ত টিচিং লাইসেন্স এলাকার মধ্যে বিপরীত প্রবীনত্ব অনুসারে বিলুপ্তিকরণ হওয়ার জন্য বর্তমান ইউনাইটেড ফেডারেশন অফ টিচার্স ("UFT") চুক্তিটি প্রয়োজনীয় হবে। বেশিরভাগ শিক্ষক/শিক্ষিকা প্রথম শ্রেণি থেকে শুরু করে ষষ্ঠ শ্রেণি পর্যন্ত কাজ করেন এবং শিক্ষার্থীদের বয়স নির্বিশেষে তাদের একটি "কমন ব্রাঞ্চেস" লাইসেন্স থাকে।

ব্যারিং সিস্টেম-ওয়াইড লে অফস, কর্মচ্যুত শিক্ষক/শিক্ষিকারা শহরের অন্য পদগুলিতে আবেদন করার যোগ্যতা অর্জন করবেন, এবং যে শিক্ষক/শিক্ষিকা কোন স্থায়ী পদ পেতে অক্ষম হবেন তিনি অনুপস্থিত শিক্ষক/শিক্ষিকার রিজার্ভ পুলে স্থান পাবেন, যার অর্থ হল তাঁরা অন্যান্য সিটি বিদ্যালয়গুলিতে শিক্ষক/শিক্ষিকাদের পরিবর্ত হিসাবে কাজ করলেও তাঁদের মাসিক বেতন পেতে থাকবেন। একজন শিক্ষক/শিক্ষিকা কর্মচ্যুত হওয়া পরে এক বছরের মধ্যে সেই শিক্ষকের লাইসেন্স অঞ্চলের মধ্যে অবস্থিত বিদ্যালয়ে একটি শূন্যপদ তৈরি হওয়া উচিৎ, শিক্ষক/শিক্ষিকাদের প্রবীনত্ব সংক্রান্ত প্রযোজ্য চুক্তি বিধান এবং আইনের সাথে সামঞ্জস্য রেখে শিক্ষক/শিক্ষিকার ঐ বিদ্যালয়ে ফিরে আসার অধিকার আছে।

ব্যক্তিদের উপর প্রস্তাবটি প্রভাবের নিয়ে চিন্তাভাবনা করার সময়, এটি চিহ্নিত করা গুরুত্বপূর্ণ যে ষষ্ঠ শ্রেণির যে শিক্ষার্থীরা P.S. 152-এ ভর্তি হত তারা এখন অন্য মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হবে, যার মধ্যে অন্তর্ভূক্ত হল P.S. 152-এর শিক্ষার্থীরা ভর্তি হওয়ার জন্য নির্ধারিত I.S. 10, I.S. 125. অথবা I.S.230 আঞ্চলিক মাধ্যমিক বিদ্যালয়গুলিও। 125") অথবা I.S. 230 আঞ্চলিক মাধ্যমিক বিদ্যালয়গুলিও। I.S. 10, I.S. 125. অথবা I.S. 230 বিদ্যালয়গুলিকে তাদের বিশাল শিক্ষার্থী সংখ্যাকে পরিষেবা প্রদান করার জন্য নতুন শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করার প্রয়োজন হতে পারে। অতএব, এই প্রস্তাবের ফলস্বরূপ শহরব্যাপী পদ্ধতির মধ্যে শিক্ষক/শিক্ষিকা পদের ক্ষতি হবেই এমন নয়।

B. প্রশাসন

যদি এই প্রস্তাব অনুমোদিত হয়, তাহলে বিদ্যালয় যেহেতু তার ষষ্ঠ শ্রেণি সংকোচন করছে তাই কিছু প্রশাসনিক পদ বিলুপ্ত হতে পারে, যেহেতু বিদ্যালয় কম সংখ্যক শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে তাই প্রশাসনিক প্রয়োজন হ্রাস পেতে পারে। পুনরায়, সকল বিলুপ্তিকরণগুলি বিদ্যমান শ্রমিক আইন অনুসারে ঘটবে।

C. পরিবহন

আচার্যের বিধিনিয়ম A-801 অনুসারে পরিবহণ পরিষেবা প্রদান করা হবে: http://schools.nyc.gov/NR/rdonlyres/21A1B11A-886B-4F74-9546-E875EE82A14C/40303/A801.pdf.

এই প্রস্তাবের কারণে P.S. 152-এর বিদ্যমান পরিবহন ব্যবস্থার ক্ষেত্রে কোন পরিবর্তন ঘটবে না।

[20] FSF নির্দেশিকা এখানে উপলব্ধঃ http://schools.nyc.gov/offices/d_chanc_oper/budget/dbor/allocationmemo/fy14_15/FY15_PDF/sam01_1b.pdf.

[21] FY15 বিদ্যালয়ের বন্টন সংক্রান্ত স্মারকলিপিটি নিচে উল্লেখিত লিংকে উপলব্ধ আছে: http://schools.nyc.gov/offices/d_chanc_oper/budget/dbor/allocationmemo/fy14_15/FY15_PDF/sam33.pdf.

D. অন্যান্য সহায়তা পরিষেবাদি

অন্যান্য সহায়তা পরিষেবাগুলি শহরব্যাপী নীতির সাথে ধারাবাহিকতা বজায় রেখে প্রদান করা জারি থাকবে।

VII. ভবন সংক্রান্ত তথ্যাবলী

ভবন		Q152
ভবনের ধরন		পিএস
নির্মাণের বছর		1938
বিসিএস-এর সার্বিক মূল্যাঙ্কন		2.53
2013-2014-এর অভীষ্ট ভবন সদ্ব্যবহার		129%
2013-2014-এর ভবনের অভীষ্ট ধারণক্ষমতা		1,053
FY 2013 রক্ষণাবেক্ষণের খরচ	**শ্রম**	$18,224
	উপাদান	$5,792
	রক্ষাণাবেক্ষণ, মেরামত, এবং সার্ভিসের চুক্তিগুলি	$26,786
	অভিরক্ষা পরিচালনজনিত ব্যয় – উপাদান	$18,951
	অভিরক্ষা পরিচালনজনিত ব্যয় – অভিরক্ষাজনিত বরাদ্দ	$271,403
FY 2013 শক্তির খরচ	**বিদ্যুৎ**	$153,408
	গ্যাস	$9,518
	বাষ্প	n/a
	তেল	$140,914
বর্তমান বা পূর্ববর্তী শিক্ষাবর্ষে সম্পূর্ণ হওয়া প্রকল্পসমূহ		আলো প্রতিস্থাপন, FY13 Reso A ইলেক্ট্রিক্যাল আপগ্রেড, IEH PO 18-IAQ
মূল পরিকল্পনায় প্রস্তাবিত প্রকল্পসমূহ		কিছুই না
ভবনের সুগম্যতা		আংশিক অধিগম্য
ভবনের বিশেষতা		প্রেক্ষাগৃহ, ক্যাফেটেরিয়া, কম্পিউটার কক্ষ, জিমখানা, গ্রন্থাগার, সেবিকার দপ্তর